



স্মারক নং ৪ সিকুবি/ডি.কা.কার্যা./ভর্তি পরীক্ষা-১৮/১৮/২৬

তারিখ: ২১/০১/২০১৮ খ্রী:

### বিজ্ঞপ্তি

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর লেভেল-১ সেমিস্টার-১ ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮ এর অপেক্ষমান তালিকা হতে ৫৫টি শূন্য আসনের বিপরীতে শিক্ষার্থী ভর্তি করা হবে। অপেক্ষমান মেধা তালিকার মেধাক্রম ২৩৬ হতে ৩৯০ পর্যন্ত স্থান প্রাপ্তদের আগামী ২৯-০১-২০১৮ তারিখ সোমবার সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে রিপোর্ট করতে হবে। ঐদিন দুপুর ২.০০ ঘটিকা হতে মেধাক্রম ও অনুষদ পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির কার্যক্রম শুরু হবে।

ভর্তির সময় সে সব প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে সেগুলো হলো:

- ১। শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট।
- ২। শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার মূল গ্রেড সীট।
- ৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
- ৪। সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ও স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি ছবি।
- ৫। জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ফটোকপি।
- ৬। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- ৭। সংরক্ষিত আসনে ভর্তি হতে ইচ্ছুক উপজাতি/অ-উপজাতি প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে সংশ্লিষ্ট জেলার বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি।
- ৮। মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী অনুকূলে সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র।
- ৯। মুক্তিযোদ্ধা কোটায় পরীক্ষার্থীগণ মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল হলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র।
- ১০। প্রত্যয়নপত্র জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

ভর্তির জন্য প্রত্যেক ছাত্র-ছাত্রীর জামানতের টা. ৫৫০০.০০ (পাঁচ হাজার পাঁচশত) সহ মোট টা. ১৫,৮০০.০০ (পনের হাজার আটশত) জমা দিতে হবে এবং হলে ভর্তির জন্য জামানতের টা. ৫০০.০০ (পাঁচশত) সহ মোট টা. ২৫০০.০০ (দুই হাজার পাঁচশত) জমা দিতে হবে।

লেভেল-১ সেমিস্টার-১ শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮ এর ক্লাস ৩০/০১/২০১৮ খ্রী: তারিখ রোজ মঙ্গলবার থেকে শুরু হবে।

অটোমাইগ্রেশন ফলাফলের ভিত্তিতে অনুষদওয়ারি প্রকাশিত তালিকা মোতাবেক নিজ নিজ অনুষদের ক্লাসে অংশগ্রহণ করতে হবে।

(প্রফেসর ড. এ.টি.এম. মুহম্মদ-ই-ইলাহী)

ডিন, ভেটেরিনারি, এক্সিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ

ও আহবায়ক, ভর্তি পরীক্ষা কমিটি-২০১৮

এবং আহবায়ক, ডিন কাউন্সিল, সিকুবি, সিলেট।